



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর  
সরকারি মাধ্যমিক শাখা  
www.dshe.gov.bd



নম্বর: ৩৭.০২.০০০০.১০৬.৩৪.০০২.১৯.১৫৮৫

তারিখ: ১৩ অগ্রহায়ণ ১৪২৯

২৮ নভেম্বর ২০২২

### অফিস আদেশ

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরাধীন নেত্রকোণা জেলার মদন উপজেলাধীন জাহাঙ্গীরপুর টি আমিন সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়ের জনবল শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭১.১৫.৬৩১.১৮-৮৯১, তারিখ: ১১/০৯/২০২২ মোতাবেক এডহক নিয়োগ প্রদান করা হয়। বিদ্যালয়টিতে প্রধান শিক্ষক ও সহকারী প্রধান শিক্ষক না থাকায় জ্যেষ্ঠ সহকারী শিক্ষক (সামাজিক বিজ্ঞান), জনাব মো: আব্দুর রউফ ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্বভার গ্রহণ করায় নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে সাময়িকভাবে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক এর দায়িত্বসহ আর্থিক লেন-দেনের ক্ষমতা প্রদান করা হলো। তিনি তাঁর নিজের এবং অন্যান্য কর্মকর্তা-কর্মচারীদের আয়ন-ব্যয়নকারী কর্মকর্তার দায়িত্ব পালন করবেন।

শর্তসমূহ:

- (ক) এই দায়িত্ব তাঁর নিজ দায়িত্বের অতিরিক্ত। পরবর্তীতে শূন্য পদে প্রধান শিক্ষক/সহকারী প্রধান শিক্ষক যোগদানের পর স্বয়ংক্রিয়ভাবে এই আদেশে প্রদত্ত ক্ষমতা বিলুপ্ত হবে।
- (খ) ট্রেজারী ও সাব-ট্রেজারী আইনের এস.আর/৯৬ ভলিউম-১ অনুযায়ী তাকে আনুষংগিক ভাতা, সম্মানী ইত্যাদি বিল সমূহে স্বাক্ষর করার ক্ষমতা প্রদান করা হলো।
- (গ) দায়িত্ব পালনকালীন সকল প্রকার আর্থিক অনিয়মের জন্য তিনিই সর্বোত্তমভাবে দায়ী থাকবেন। তাঁকে বিধি বিধানের আলোকে সকল প্রকার লেনদেন করতে হবে ও আর্থিক লেনদেনের হিসাব-নিকাশ অবশ্যই নির্দিষ্ট রেজিস্টারে সংরক্ষণ করবেন।
- যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

২৮-১১-২০২২

দূর্গা রানী সিকদার

সহকারী পরিচালক-১

ফোন: +88-02-223351057

ইমেইল: dg@dshe.gov.bd

নম্বর: ৩৭.০২.০০০০.১০৬.৩৪.০০২.১৯.১৫৮৫/১(৬)


তারিখ: ১৩ অগ্রহায়ণ ১৪২৯

২৮ নভেম্বর ২০২২

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

১) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।

- ২) উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা,----- অঞ্চল, -----।
- ৩) উপজেলা/জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা-----।
- ৪) প্রধান শিক্ষক,-----।
- ৫) জনাব-----।
- ৬) সংরক্ষণ নথি।



২৮-১১-২০ ২২

দূর্গা রানী সিকদার  
সহকারী পরিচালক-১